

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৯৬

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ইবনু সাইয়্যাদ-এর ঘটনা

الفصل الأول (بَابِ قَصْةِ أَبْنِ الصَّيَارِ)

আরবী

وَعَنْهُ أَنَّ أَبْنَ صَيَارٍ سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ تُرْبَةِ الْجَنَّةِ. فَقَالَ: «دَرْ مَكَّةَ يَبْضَاءُ وَمُسْكٌ خَالصُ». رَوَاهُ مُسْلِمٌ

- (رواه مسلم (2928 / 93)، (7352)

(صَحِيحٍ)

বাংলা

৫৪৯৬-[৩] উক্ত রাবী [আবু সাইদ আল খুদরী (রাঃ)] হতে বর্ণিত। ইবনু সাইয়্যাদ নবী (সা.) কে জানাতের মাটি সম্পর্কে প্রশ্ন করল। তিনি (সা.) বললেন, তা ময়দার মতো সাদা এবং নির্ভেজাল কঙ্গির মতো (সুগন্ধি) হবে। (মুসলিম)

ফুটনোট

সহীহঃ মুসলিম ৯৩-(২৯২৮), সিলসিলাতুল সহীহাত ১৪৩৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৩৯৫৬, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৮৭৬, মুসনাদে আহমাদ ১১৪০৭, আবু ইয়া'লা ১২১৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (در مَكَّةَ يَبْضَاءُ وَمُسْكٌ خَالصُ) (دর মক্কা যিপ্সাই ও মস্ক খালস) জানাতের মাটি হবে পরিষ্কার সাদা আটার মতো, আর তাতে মিক্র জাতীয় সুগন্ধি পাওয়া যাবে।

কামুস গ্রন্থে বলা হয়েছে, **وَالثُّرَابُ النَّاعِمُ** (دَرْمَكْتُ) হচ্ছে তথা সাদা আটা এবং মসৃণ মাটি। নিহায়াত গ্রন্থে বলা হয়েছে, **(الدَّرْمَكَةُ)** হচ্ছে সাদা আটা। জানাতের মাটিকে তার সাথে তুলনা করার উদ্দেশ্য হলো

তা হবে সাদা ও মসৃণ এবং মিসকের সাথে তুলনা করার কারণ হলো তা হবে সুগন্ধিযুক্ত। আর প্রত্যেক সাদা খাবারকে (حُوَارَى) বলা হয়। (মিরকাতুল মাফাতীহ; শারভুন নাবাবী ১৮দশ খণ্ড, হা. ২৯২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85474>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন